



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক বাস্তব অগ্রগতি

### শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৪)কোভিড-১৯/২০১৯-২০২০/১২৮০

তারিখঃ ০৯-০৪-২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

### বিষয় : করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতিবিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৫ জৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/ ০৮এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য নিম্নে উল্লেখ করা হলো :

০২। উপরোক্ত পত্র মোতাবেক করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য উক্ত সার্কুলারের ১৩ নং ক্রমিকে বর্ণিত রয়েছে যে, 'ব্যাংকিং কার্যক্রম ব্যতিত দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থীদের ব্যাংকে আগমন নিরস্তসাহিত করতে হবে। ব্যাংকে উপস্থিত সকলের মধ্যে যাতে নির্দিষ্ট দূরত্ব (WHO এর গাইডলাইন অনুযায়ী) বজায় থাকে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।' লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শাখায় আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ শাখায় আগমন করার পর নির্দিষ্ট দূরত্বে বজায় রাখছেন না। এক্ষেত্রে পুনরায় নির্দেশনা দেয়া যাচ্ছে যে, ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর নির্দিষ্ট দূরত্বে বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করা যেতে পারে।

- ০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।
- ০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ০৫। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : ০১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,

(মুহাম্মদ তাহসিনুর রহমান)  
সহকারী মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৪)কোভিড-১৯/২০১৯-২০২০/১২৮০

তারিখঃ ০৯-০৪-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

(তন্ময় কান্তি বাল) ০-৪-২০  
মুখ্য কর্মকর্তা